



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন অধিদপ্তর
১৪১-১৪৩ মতিঝিল বা/এ (৮ম তলা)
ঢাকা-১০০০

ফোন : ০২-৯৫১৩৩০৫

ফ্যাক্স : ০২-৯৫৪৭৩০১

ই-মেইল : info@dos.gov.bd

১৮.১৭.০০০০.০০৫.৩১.০০১.১৮/৪৬

তারিখঃ ১০-১২-২০১৯ খ্রিঃ

০৯/১২/২০১৯ খ্রিঃ নৌপরিবহন অধিদপ্তরের সভাকক্ষে অনুষ্ঠিত মেরিন ইঞ্জিনিয়ার অফিসার ৪&৫ সিওসিধারীদের সিওসিতে রেগুলেশন সংযোজন, এনওসি ও সিডিসি প্রাপ্তির ক্ষেত্রে জটিলতা নিরসনের জন্য সভার কার্যবিবরণীঃ

সভাপতি : কমডোর সৈয়দ আরিফুল ইসলাম, (ট্যাজ) এনডিসি, পিএসসি, বিএন
সভার স্থান : নৌপরিবহন অধিদপ্তরের সভাকক্ষ
সভার তারিখ : ০৯/১২/২০১৯ ইং
সভার সময় : সকাল ১১:০০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'


সভাপতি মহোদয় স্বাগত বক্তব্য শেষে উপস্থিত সকলের সাথে কুশল বিনিময় করে সভার কার্য শুরু করেন।

মেরিন ইঞ্জিনিয়ার অফিসার ক্লাস ৪এন্ড ৫ সিওসিধারীদের সিওসি তে রেগুলেশন সংযোজন, এনওসি ও সিডিসি প্রাপ্তির ক্ষেত্রে জটিলতা নিরসনের জন্য আলোচনার শুরুতে ক্যাপ্টেন কে এম জসীমউদ্দীন সরকার, চীফ নটিক্যাল সার্ভেয়ার এন্ড চীফ এক্সামিনার এবং ক্যাপ্টেন মোঃ গিয়াসউদ্দিন আহমেদ, প্রিন্সিপাল অফিসার, নৌবাণিজ্য দপ্তর বলেন, মেরিন ইঞ্জিনিয়ার অফিসার ক্লাস ৪ এন্ড ৫ সিওসি ধারীদের কোন রেগুলেশন দেয়া যাবে না, কেননা এটা STCW মোতাবেক সমর্থিত নয়। কিন্তু ভুক্তভোগী মেরিনাররা বলেন, STCW মোতাবেক রেগুলেশন সংযোজন করা যায়, রেগুলেশন ব্যতিরেকে সনদের কোন মূল্যায়ন হয় না। মহাপরিচালক মহোদয় STCW Convention অনুযায়ী সমর্থিত হলে সিওসি তে রেগুলেশন সংযোজনের পক্ষে মত প্রকাশ করেন।

সংশ্লিষ্ট সকল পক্ষের বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

মেরিন ইঞ্জিনিয়ার অফিসার ক্লাস-৪ যোগ্যতা সনদধারী উক্ত সনদ প্রাপ্তির পর ২৪ মিটার বা তদুর্ধ্ব দৈর্ঘ্যের জাহাজে নূন্যতম ২৪ মাসের অনুমোদিত কোস্টাল ভেসেল/মার্চেন্ট শিপিং সী সার্ভিস সম্পন্ন করে সিডিসি প্রাপ্তির উদ্দেশ্যে এনওসি -এর জন্য আবেদন করতে পারবেন। সিডিসি প্রাপ্তির পর ৭৫০ কিলোওয়াট বা ততোধিক প্রপালশন ক্ষমতার মেইন ইঞ্জিন চালিত বিদেশগামী বাণিজ্যিক জাহাজে কমপক্ষে ৩০ মাসের অনুমোদিত ইঞ্জিনরুম ওয়াচকিপিং সী-সার্ভিস সম্পন্ন করা সাপেক্ষে বাংলাদেশ মার্চেন্ট শিপিং অর্ডিন্যান্স ১৯৮৩ (অর্ডিন্যান্স XXIV of 1983) এর আওতায় প্রণীত বাংলাদেশ নৌ-বাণিজ্যিক জাহাজ অফিসার ও নাবিক প্রশিক্ষণ, সনদায়ন, নিয়োগ, কর্মঘণ্টা এবং ওয়াচকিপিং বিধিমালা, ২০১১ এর নির্দেশিকা পরিপালন করে মেরিন ইঞ্জিনিয়ার অফিসার ক্লাস-৩ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।



কমডোর সৈয়দ আরিফুল ইসলাম, (ট্যাজ) এনডিসি, পিএসসি, বিএন
মহাপরিচালক

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। ক্যাপ্টেন কে এম জসীমউদ্দীন সরকার, চীফ নটিক্যাল সার্ভেয়ার এন্ড চীফ এক্সামিনার, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ২। মোঃ মনজুরুল কবীর, চীফ ইঞ্জিনিয়ার এন্ড শীপ সার্ভেয়ার এন্ড চীফ এক্সামিনার, নৌ-পরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ৩। ক্যাপ্টেন আবু সাঈদ মোহাম্মদ দেলোয়ার রহমান, নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার, নৌ-পরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ৪। জনাব মোঃ আবুল বাসার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার, নৌ-পরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ৫। জনাব মোঃ আরাফাত হোসেন, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার, নৌ-পরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ৬। ক্যাপ্টেন কাজী মুহাম্মদ আহসান, নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার, নৌ-পরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ৭। ক্যাপ্টেন সাঈদ আহমেদ, নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার, নৌ-পরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ৮। মি. সঞ্জিব চক্রবর্তী, মেরিন ইঞ্জিনিয়ার অফিসার ক্লাস-৪।
- ৯। জনাব মোঃ রফিকুল ইসলাম, মেরিন ইঞ্জিনিয়ার অফিসার ক্লাস-৫।

অনুলিপিঃ অবগতির জন্য

- ১। পিএ টু মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।